

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২১.০৪.০০৮.২৩.১৭৯

তারিখ: ২৪ ফাল্গুন ১৪২৯
০৯ মার্চ ২০২৩

বিষয়: রিট পিটিশন নং ১৩২/২০২৩ মোকদ্দমা সরকারপক্ষে পরিচালনা করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত।

সূত্র: হাইকোর্ট বিভাগ-এর রিট নং ১৩২/২০২৩-এর ৩০/০১/২০২৩ খ্রিষ্টাব্দের আরজির কপি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিষয়টি গুলশান আবাসিক এলাকার প্লট নং-৬বি, সড়ক নং-৬৭ এর জমি ৮ কাঠা ১৩ ছটাক ১৭ বর্গফুট এবং এর উপর নির্মিত দ্বিতল দালান ৭,০০০ বর্গফুট (আনুমানিক) আয়তনের মালিকানা হেবা/দান বিষয়ক দলিল রেজিস্ট্রি করার বিষয়কে চ্যালেঞ্জ করে স্থানীয় সরকার বিভাগ-এর সচিব মহোদয়সহ মোট চার জনকে প্রতিপক্ষ করে পিটিশনার জনাব ক্যাপ্টেন মো: নুরুল হুদা (অবসরপ্রাপ্ত) কর্তৃক বাংলাদেশ সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান-এর ১০২ অনুচ্ছেদ মোতাবেক রিট পিটিশন নং ১৩২/২০২৩ রুজু করা হয়েছে। বিজ্ঞ হাইকোর্ট বিভাগ শুনানি অন্ত্যে প্রতিপক্ষগণের প্রতি **বুলনিশি জারি** করেন। এ রিটের ২নং প্রতিপক্ষ চেয়ারম্যান রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজউক ভবন মতিঝিল, ঢাকা।

০২। এমতাবস্থায়, রিট পিটিশন নং ১৩২/২০২৩ মোকদ্দমা সরকারপক্ষে পরিচালনা করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ বিভাগের সচিব মহোদয় কর্তৃক স্বাক্ষরিত ওকালতনামা নির্দেশক্রমে এতৎসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে.....পাতা।

৯-৩-২০২৩

মাহবুবা আইরিন

উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: ০২৫৫১০০১৯৭

ইমেইল: Lglaw2@lgd.gov.bd

সলিসিটর (যুগ্ম সচিব)

সলিসিটর অনুবিভাগ

আইন ও বিচার বিভাগ

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২১.০৪.০০৮.২৩.১৭৯/১(৪)

তারিখ: ২৪ ফাল্গুন ১৪২৯
০৯ মার্চ ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
- ২) প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ
- ৩) ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিবের অনুবিভাগ, স্থানীয় সরকার বিভাগ
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ

৯-৩-২০২৩

মাহবুবা আইরিন
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)